[redacted]

[redacted]

মেহেরপুরে মুজিববর্ষের কর্মসূচি নিয়ে সাংবাদিকদের সাথে ডিসির মতবিনিময়

মেহেরপুরে মুজিববর্ষের বিভিন্ন কর্মসূচি পালনের জন্য সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। রবিবার বিকালে জেলা প্রশাসকের কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় আগামী ২২ তারিখে মুজিবনগরে মঞ্চ নাটক, জেলা প্রশাসকের কার্যালয়ে ছাদ বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

এসময় উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃধা মোহম্মদ মোজাহিদুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক আল আমিন, মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিনসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক।

১১ জন কারাগারে, ৭ কিশোরকে উন্নয়ন কেন্দ্রে

মেহেরপুরে আটক ১৮ জন শিবির সদস্যদের মধ্যে অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় ৭ কিশোর সদস্যদের যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত।

রবিবার সন্ধায় মেহেরপুর দায়রা জজ আদালতে তাদের নিয়ে আসা হলে ম্যাজিস্ট্রেট এস এম আব্দুস সালাম এ আদেশ দেন। ৭ কিশোর শিবির

সদস্য হলো, মেহেরপুর শহরের গড়পাড়ার মাহাবুবুল হাসানের ছেলে সৈয়দ জোবায়ের হাসান (১৫), নতুনপাড়ার লাল মিয়ার ছেলে হৃদয় (১৫), মেহেরপুর শহরের তাতিপাড়ার নুরুল ইসলামের ছেলে কামরুল ইসলাম নাহিদ (১৬), চকশ্যামনগর গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে রোমান (১৪), গ্রামের বজলুর রশিদের ছেলে আবু জাফর (১৬), বন্দর গ্রামের তোরাফ আলীর ছেলে আল সাইফ, মেহেরপুর নতুন পাড়ার সেলিম রেজার ছেলে মাসুদ (১৫)।

এর আগে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহিন রেজা বাকি ১১ জন প্রাপ্ত বয়স্ক শিবির সদস্যদের মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন। বাকি ১১ জন শিবির সদস্য হলো, মেহেরপুর পৌরসভার ৪,৫,৬ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শিউলি আক্তার(৩২), মেহেরপুর ৫নং ওয়ার্ডের আব্দুর ওহাব মন্ডল এর ছেলে মেহেদী হাসান (২২), সানোয়ার হোসেন এর ছেলে সাখাওয়াত হোসেন (২২), হঠাৎ পাড়ার গিয়াস উদ্দীনের ছেলে আব্দুল্লাহ (১৮), মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে আবুল কালামের ছেলে রাজু আহমেদ (২২), একই গ্রামের পোড়াপাড়ার আক্কাস আলির ছেলে আবুল হাসান (২২), মসজিদ পাড়ার রফিস উদ্দীন এর ছেলে মাহাবুব (১৮), আজিজুল হকের ছেলে ইকবাল হোসেন (১৮), সদর উপজেলার কামদেবপুর গ্রামে আব্দুল কুদ্দুসের ছেলে আবুল বাসার (২০), সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের আজিবার আলির ছেলে সাইদুল ইসলাম (১৯), সদর উপজেলা কোলা গ্রামের শহিদুল ইসলামের ছেলে খালিদ সাইফুল্লাহ (১৮)।

উল্লেখ্য, গত শনিবার মেহেরপুর শহরের শেখ পাড়ার একটি ভাড়া বাড়ি থেকে নাশকতার পরিকল্পনা চলাকালিন সময়ে গোয়েন্দা পুলিশের হাতে আটক হয় শিবিরের ১৮ জন সদস্য। পরে জেলা গোয়েন্দা কার্যালয়ে জিজ্ঞাসাবাদের পর আজ রবিবার তাদের আদালতে সোপর্দ করা হয়।

মেহেরপুরে `মুজিবনগর বিশ্ববিদ্যালয়` এর অনুমোদন
মেহেরপুরে মুজিবনগর বিশ্ববিদ্যালয়সহ দেশের তিন জেলায় ৩টি

বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী।
শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব নীলিমা অাফরোজ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে। বাকি দুটি বিশ্ববিদ্যালয় হচ্ছে নারায়নগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং নাটোরে ড.এম ওয়াজেদ মিয়া কৃষি বিশ্ববিদ্যালয়।
বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য ৩টি যুগোপযোগী খসড়া প্রণয়ন কমিটি করে দ্রুত পাঠানোর বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগরে গলায় ফাঁস দিয়ে যুবকের আত্মহত্যা

মুজিবনগরে গায়ের পরিহিত চাদর দিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে ফিরাতুল শেখ(৩২) নামের এক যুবক।

রবিবার বিকালে আনুমানিক ৪ টার দিকে রশিকপুর মাধ্যমিক বিদ্যালয়ের পিছনে আব্দুল হালিম(বাকু) নামের এক ব্যাক্তির আম বাগানের আম গাছের সাথে তার লাশ ঝুলন্ত অবস্থায় দেখতে পায় স্থানীয় জনগণ।

পরে মুজিবনগর থানা পুলিশকে খবর দিলে অফিসার ইনচার্জ আব্দুল হাশেম ঘটনাস্থল পরিদর্শন করেন।

ফিরাতুল ইসলাম মুজিবনগর উপজেলার রশিকপুর পূর্বপাড়ার হারু শেখের ছেলে।

পরিবারিক সূত্রে জানা গেছে, সে একজন মানসিক প্রতিবন্ধী। সে চার ভাইবোনের মধ্যে মেজো এবং তিনি ৩ সন্তানের জনক।

নিজের জমিতে চাষাবাদ এবং অন্যের জমিতে কাজ করে সংসার চালাতো। এর আগেও দুইবার বিষ এবং গলায় রশি দিয়ে আত্মহত্যা করার চেষ্টা করেছে। এবার নিয়ে তৃতীয়বার আত্মহত্যার পথ বেছে নেয় সে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, ঘটনা শোনার

পর স্থান পরিদর্শন করা হয়েছে। সে একজন মানসিক প্রতিবন্ধী।

প্রাথমিক তদন্তে কোন সন্দেহ না থাকায় এবং তার পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়ায় লাশ পরিবারের হাতে হস্তান্তর করা হয়েছে।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।

গাংনীতে অন্যের জমি দখল করে দালানঘর নির্মানের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামে মরহুম সানোয়ারুল ইসলামের ছেলে তরিকুল ইসলাম বুলু’র বিরুদ্ধে অন্যের জমি দখল করে জোরপুর্বক জমি দখল ও দালানঘর নির্মানের অভিযোগ উঠেছে। জানাগেছে, মৌজা- ৫৫নং ধানখোলা, খতিয়ান এস এ ৬০৮, আরএস-৯৫৪, দাগ নং- আরএস ৬২০১, শ্রেণী-বাড়ী, নালিশী জমি ০.০২৯০ একর। উক্ত জমি ধানখোলা গ্রামের মাঝেরপাড়ার মরহুম আব্দুল মান্নানের ছেলে রেজানুর রহমান ১৪/১২/২০২০ ইং তারিখে বাদী হয়ে উক্ত বিষয়ে মেহেরপুর বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালতে একটি দেওয়ানী মামলা দায়ের করেন। যার নং- ৪১/২০। সরেজমিনে গিয়ে দেখা গেছে, বুলু দালানঘর নির্মান করছেন। তার নিকট থেকে জানতে চাইলে তিনি বলেন বিজ্ঞ আদালতের একটি নোটিশ পেয়েছি। তবে নোটিশে কাজ বন্ধ করার কথা লেখা নেই। নোটিশে জবাব দেয়ার কথা বলা হয়েছে আমি যথাযথ ভাবেই জবাব দিব।

তবে বাদী রেজানুর রহমান অভিযোগ করে বলেন যেহেতু উক্ত জমিতে আদালতে মামলা চলমান রয়েছে তাই তিনি মামলার সমাধান না করে জোর পূর্বক দালানঘর নির্মান করে চলেছেন। তিনি প্রশাসনের সহযোগিতা কামনা করেছেন। তবে এলাকাবাসী মনে করেন এ সমস্যার দ্রুত সমাধান না হলে সামাজিক বিশৃংখলাসহ আইনশৃখলার অবনতি দেখা দিতে পারে।

মেহেরপুর জেলা গণগ্রন্থাগারের জেলা কমিটিতে গাংনীর মহিবুল আলম সভাপতি ও মকলেচুর রহমান সাধারন সম্পাদক

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ও যুব সমাজকে সকল প্রকার মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দুরে রাখতে বই পড়ার বিকল্প নেই । ছাত্রছাত্রী ও যুব সমাজ কে সঠিক পথে পরিচালিত করতে হলে প্রয়োজন উন্নতমানের পাঠাগার। সেই লক্ষ্য ও উদ্দেশ্য কে সামনে রেখে এবং গণগ্রন্থারের মান উন্নয়নের জন্য দরকার সম্মিলিত প্রয়াস। এ লক্ষ্যে মেহেরপুর জেলার বেসরকারী গণগ্রন্থাগার সমুহের উদ্যোগে জেলা কমিটি গঠন করা হয়েছে । গত ২ডিসেম্বর ২০২০ তারিখে মেহেরপুর জেলার বেসরকারী গণগ্রন্থাগার পরিষদ এর কার্যকরী পরিষদ এর কমিটি গঠন করা হয়েছে । সভায় গাংনীর তনু মনু গ্রন্থাগার এর মহিবুল আলম কে সভাপতি ও গাংনী পাবলিক লাইব্◌্◌েররীর মকলেচুর রহমান কে সাধারন সম্পাদক করে ৯ সদস্য বিশিষ্ট জেলা কমিটি গঠন করা হয়েছে । সভায় সহ-সভাপতি হিসেবে আমঝুপী ক্লাব ও পাবলিক লাইব্রেরীর সাইদুর রহমান, সাংগঠনিক সম্পাদক হিসেবে মেহেরপুর পাবলিক লাইব্রেরীর খন্দকার সামসুজ্জোহার নাম অনুমোদন করা হয় ।

গাংনী পৌর নির্বাচনে আশরাফুল ইসলাম আবারও স্বতন্ত্র

প্রার্থী

আসন্ন গাংনী পৌরসভা নির্বাচনে ৫৭ জন মনোনয়ন ফরম উত্তোলন করেছেন। শনিবার বিকেল ৫ টা পর্যন্ত ৩৬ জন ফরম পূরণ করে জমা করেন। মেয়র পদে ৭ জন মনোনয়ন ফরম তুলেছেন । এদের মধ্যে বর্তমান মেয়র আশরাফুল ইসলাম ও তার আপন ছোট ভাই আনারুল ইসলাম সতন্ত্র মেয়র প্রার্থী হিসেবে দ্বিতীয় বারের মতো মনোনয়ন পত্র জমা করেছেন। এমন তথ্য নিশ্চিত করেছেন উপজেলা নির্বাচন অফিসার আব্দুল আজিজ।

নির্বাচন অফিস সুত্রে জানাগেছে, ওইদিন দুপুরেই ফরম জমা করেছেন তারা মেয়র প্রার্থী আশরাফুল ইসলাম ও তার ছোট ভাই আনারুল ইসলাম। ১নম্বর সংরক্ষিত মহিলা আসনে দু’জন ফরম তুলে দু’জনেই জমা দিয়েছেন। ২ নম্বর সংরক্ষিত মহিলা আসনে তিন জন ফরম তুলে দু’জন জমা দিয়েছেন। তিন নম্বর সংরক্ষিত মহিলা আসনে পাঁচজন ফরম তুলে চার জন জমা করেছেন।

সাধারণ এক নম্বর ওয়ার্ডে ৫ জন ফরম তুলে একজন জমা দিয়েছেন। দুই নম্বর ওয়ার্ডে তিন জন ফরম তুলে দুইজন জমা দিয়েছেন। ৩ নম্বর ওয়ার্ডে পাঁচ জন ফরম তুলে সকলেই জমা দিয়েছেন। চার নম্বর ওয়ার্ডে তিন জন ফরম তুলে দুইজন জমা করছেন। পাঁচ নম্বর ওয়ার্ডে চারজন ফরম তুলে তিনজন জমা করেছেন। ৬ নম্বর ওয়ার্ডে ৭ জন ফরম তুলে তিনজন জমা দিয়েছেন। ৭ নম্বর ওয়ার্ডে চার জন ফরম তুলে তিনজন জমা করেছেন। ৮ নম্বর ওয়ার্ডে চার জন ফরম উত্তোলন করে সকলেই জমা কিরেছেন এবং ৯ নম্বর ওয়ার্ডে পাঁচজন ফরম তুলে তিন জন জমা দিয়েছেন গাংনী উপজেলা নির্বাচন অফিসার বরাবর।

গাংনীতে শুরু হয়েছে শহীদ শেখ রাসেল ফাউন্ডেশন প্রাথমিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুক্তিযোদ্ধা আব্দুল বারি বিশ্বাসের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

শনিবার সন্ধ্যার দিকে মেহেরপুর শহরের সাহাজী পাড়াস্থ নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে তিনি মৃত্যুবরন করেন। মুক্তিযোদ্ধা আলহাজ আব্দুল বারি বিশ্বাস পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। রবিবার সকালে মেহেরপুর সদর উপজেলা ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মরহুমের মরদেহে গার্ড অব অনার প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহি অফিসার মোঃ মাসুদুল আলম মরহুমের মরদেহে জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করেন এবং পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় মেহেরপুর পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন। উপজেলা নির্বাহি অফিসার মাসুদুল আলম সালাম গ্রহণ করেন।এসময় বিহগলে করুন সুর বেজে ওঠে।

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল, প্রফেসর হাসানুজ্জামান মালেক, সদর উপজেলা আওয়ামী লীগের সাবেক সম্পাদক আবদুর রব বিশ্বাস, সাবেক উপজেলা কমান্ডার আবুল কাশেম, মুজিবনগর উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাঁদু সহ এলাকার মুক্তিযোদ্ধা এবং সর্ব শ্রেণি-পেশার মানুষ জন উপস্থিত ছিলেন। পরে ঝাউবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে জানাজা শেষে পারিবারিক কবরে দাফন করা হয়।